# সাদা কালো গা
# ঘাঁড়ি-চাঁ-চা

# শাদা কালো গা হাঁড়ি-চাঁ-চা

রাশিয়ার লৌকিক খেলার ছড়া

ছবি এঁকেছেন ইউ. ভাসনেৎসভ

প্রগতি প্রকাশন · মস্কো

হাঁড়িচাঁচা, হাঁড়িচাঁচা,
গেছলে কোথা?
— অনেকদূরে গেছনু বাছা!

আঁচ দিলুম উনানে,
চড়ুইভাতির ভিয়ানে,

গলা বাড়িয়ে বলি,
এসো সবাই চলি;



অতিথ এল উড়ে,
বসল দাওয়া জুড়ে।

তুই নে খানিক,
তুই নে খানিক,
তুই নে খানিক,
তুই নে খানিক,
কিন্তু কেবল একজনা
কিছছুটি সে পেল না!



কাঠ সে কাটে নি,
জল সে ভরে নি,
ধরায় নি উনান,
রান্না করে নি।

ফুড়ুৎ করে উড়ে উড়ে
হেথা হোথায় ঘুরে ঘুরে
চল বলিগে সবাইকে —
গিয়েছিলুম কোথায় কে!

অনুবাদ: ননী ভৌমিক

СОРОКА-БЕЛОБОКА

Русская народная игровая песня

*На языке бенгали*

© বাংলা অনুবাদ · প্রগতি প্রকাশন · ১৯৭৪